ফরহাদ হোসেন ও তাঁর স্ত্রীসহ ২০ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞা

দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধান চলমান থাকায় সাবেক জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেন, তার স্ত্রী সৈয়দা মোনালিসা ইসলামসহ ২০ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞার আদেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার (৩ জুন) দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ মো. জাকির হোসেন গালিব এই আদেশ দেন।

দেশত্যাগে নিষেধাজ্ঞাপ্রাপ্ত অন্য ব্যক্তিরা হলেন সাবেক মন্ত্রী ক্যাপ্টেন (অব.) এ বি তাজুল ইসলাম, তার স্ত্রী হাসু ইসলাম, সন্তান ধানাদ ইসলাম দীপ্ত, ফারাহ ইসলাম প্রভা ও শামা ইসলাম; ফেনী-৩ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ উদ্দিন চৌধুরী (৬৭), যশোর-৬ আসনের সাবেক সংসদ সদস্য মো. শাহীন চাকলাদার, নির্বাচন কমিশনের সাবেক সচিব হেলালুদ্দীন আহমদ, সাংবাদিক মুন্নী সাহা এবং তার স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি মো. কবির হোসেন, আপেল রানী সাহা, তপন কুমার সাহা ও প্রণব কুমার সাহা অপু; ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের কর্মকর্তা এবং এস আলম গ্রুপের ঘনিষ্ঠ সৈয়দ ওয়াসেক মো. আলী, মো. আলমগীর হোসেন, মোহাম্মদ মোস্তফা খায়ের, আব্দুল আজিজ এবং মো. মাসুদুর রহমান শাহ।

এদের প্রত্যেকের বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের মাধ্যমে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন এবং বিদেশে অর্থপাচারের অভিযোগে অনুসন্ধান চলছে। সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে দুদক পৃথক সাতটি আবেদনের মাধ্যমে তাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে আবেদন করে। আবেদনের ওপর শুনানি শেষে আদালত নিষেধাজ্ঞার আদেশ দেন।

মুজিবনগর পুলিশের অভিযানে

গ্রেফতার ১

মেহেরপুরের মুজিবনগরে ২৪ ঘণ্টার বিশেষ অভিযানে একজন আসামিকে গ্রেফতার করেছে পুলিশ।

সোমবার (২ জুন) রাত থেকে মঙ্গলবার (৩ জুন) ভোর পর্যন্ত মুজিবনগর থানা পুলিশ এ অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামি হলেন সোনাপুর গ্রামের দাউদ শেখের ছেলে মো. সিরাজ শেখ (৬০)। তার বিরুদ্ধে মামলা নম্বর-০৩, তারিখ-০২/০৬/২০২৫, ধারা—১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৫(বি)(১)(বি) অনুযায়ী মামলা দায়ের করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামিকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে অপরাধীদের গ্রেফতারে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় চার শিশু শিক্ষার্থী আহত

মেহেরপুরের মুজিবনগর উপজেলার টেংরামারী-শিবপুর সড়কের হিরি গাড়ির মাঠে ট্রলি ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজ-এর চারজন শিশু শিক্ষার্থী আহত হয়েছে।

মঙ্গলবার (৩ জুন) সকাল ৮টার দিকে উপজেলার শিবপুর গলাকাটা মোড় থেকে টেংরামারী শুটিং মোড়ের মধ্যবর্তী স্থানে, হিরি গাড়ি মাঠের মেহগনি বাগানের সামনে এই দুর্ঘটনা ঘটে।

আহত শিশুরা হলেন মেহেরপুর সদর উপজেলার ভবানন্দপুর গ্রামের সোহেল রানার ছেলে ইব্রাহিম, টেংরামারী গ্রামের হাফিজুল ইসলামের ছেলে

হুসাইন(৭), জাহিদ হাসানের ছেলে মাহিম (৭) ও বাবুল হোসেনের ছেলে সিয়াম (৭)।

স্থানীয় সূত্রে জানা যায়, দুর্ঘটনা কবলিত ইজিবাইকটি ভবানন্দপুর ও টেংরামারী এলাকা থেকে ছাত্র-ছাত্রীদের নিয়ে শুটিং মোড় হয়ে কেদারগঞ্জে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসার উদ্দেশে যাচ্ছিল। পথে হিরি গাড়ির মাঠে বিপরীত দিক থেকে আসা একটি ট্রলির সঙ্গে ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ হয়।

ঘটনায় ইজিবাইকের চালক অক্ষত থাকলেও, গাড়িতে থাকা শিশু শিক্ষার্থীরা আহত হয়। স্থানীয়রা তাৎক্ষণিকভাবে আহতদের উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানকার কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা শেষে গুরুতর আহতদের মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে রেফার করেন।

এ বিষয়ে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসার প্রিন্সিপাল বাইজিদ হোসেন বলেন, “খবর পেয়ে মাদ্রাসা কর্তৃপক্ষ দ্রুত হাসপাতালে পৌঁছে আহতদের খোঁজখবর নিচ্ছে। যাদের অবস্থা একটু গুরুতর ছিল, তাদেরকে মেহেরপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। আমাদের শিক্ষকরা সার্বক্ষণিকভাবে তাদের পাশে রয়েছেন এবং মাদ্রাসা থেকে নিয়মিত খোঁজ রাখা হচ্ছে।”

তিনি আরও জানান, বর্তমানে সব ছাত্রই মোটামুটি ভালো আছে।

মুজিবনগরে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগর-দর্শনা সড়কের বল্লভপুর মুসলিমপাড়া কবরস্থান মোড়ে অভিযান চালিয়ে ইয়াবাসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। সোমবার (২ জুন) বিকেলে একটি মোটরসাইকেলসহ তাকে আটক করা হয়।

আটককৃত ব্যক্তির নাম মোফাজ্জল হক (৪৬)। তিনি চুয়াডাঙ্গা জেলার

দামুড়হুদা উপজেলার দলকালক্ষিপুর গ্রামের মৃত জালাল উদ্দিনের ছেলে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান জানান, কেদারগঞ্জ বাজার থেকে ইয়াবার একটি চালান মোটরসাইকেলযোগে চুয়াডাঙ্গার উদ্দেশ্যে যাচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে বল্লভপুর মুসলিম কবরস্থান মোড়ে অবস্থান নেয় পুলিশ। পরে একটি দ্রুতগতির মোটরসাইকেলের গতিরোধ করে তল্লাশি চালায় তারা।

তল্লাশির সময় মোটরসাইকেলে থাকা একটি ব্যাগ থেকে পলিথিনে মোড়ানো এক হাজার একশ পিস ইয়াবা ও নগদ ৩১ হাজার ৬৫০ টাকা উদ্ধার করা হয়। এ সময় ব্যবহৃত মোটরসাইকেলটিও জব্দ করা হয়।

ওসি মিজানুর রহমান আরও জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে এই ইয়াবার চালানটি কক্সবাজার থেকে মুজিবনগরে এসেছে। এখান থেকে তা খুচরা পর্যায়ে বিক্রির জন্য সরবরাহ করা হতো। আটক মোফাজ্জল হককে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। কে বা কারা এই চক্রের সঙ্গে জড়িত, কার মাধ্যমে চালান আসত, কোথায় কোথায় সরবরাহ হতো এসব তথ্য উদঘাটনের চেষ্টা চলছে।

তিনি জানান, এ ঘটনায় মোফাজ্জল হকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

গাংনীর কাথুলী ইউনিয়নে ভিজিএফের চাল বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়ন পরিষদে পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ৩৫১৬ জন দুস্থ্য ও অসহায়দের মাঝে ভিজিএফ এর চাল বিতরণ করা হবে।

সোমবার সকালে কাথুলী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসার সাব্বির আহমেদের উপস্থিতিতে ভিজিএফ’র চাল বিতরণের উদ্বোধন করা হয়। কাথুলী ইউনিয়ন পরিষদের

চেয়ারম্যান মিজানুর রহমান রানা ভিজিএফ’র চাল বিতরণ করেন। উপস্থিত ছিলেন ইউপি সচিব ইফতেখার আহমেদ, সহকারী সচিব রাজিয়া সুলতানা, ১নং ওয়ার্ড কাথুলী ইউপি সদস্য বাবুল হোসেন,২ নং ওয়ার্ড গাড়াবাড়ীয়া ইউপি সদস্য জিনারুল ইসলাম, ৩ নং ওয়ার্ড ইউপি সদস্য আশরাফুল ইসলাম, ৫ নং ওয়ার্ড ইউপি সদস্য ফারুক হোসেন, ৬ নং ওয়ার্ড খাসমহল ইউপি সদস্য হুসাইন মোহাম্মদ, ৮ নম্বর ওয়ার্ড মাইলমারী ইউপি সদস্য কাবের আলী, ৯ নম্বর ওয়ার্ড নওপাড়া ইউপি সদস্য আনারুল ইসলাম প্রমুখ।

গাংনীতে আওয়ামীলীগ নেতার বাড়ির সামনে বোমা সদৃশ্য বস্তু ও হুমকি চিরকুট উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুর রশিদের বাড়ির সামনে থেকে বোমা সদৃশ্য একটি বস্তু ও একটি হুমকি চিরকুট উদ্ধার করেছে পুলিশ। সোমবার (২ জুন) ভোরে এ ঘটনা ঘটে।

আব্দুর রশিদ জানান, সকালে ঘুম থেকে উঠে বাড়ির মূল ফটকের সামনে একটি অদ্ভুত বস্তু দেখতে পান তিনি। পরে বিষয়টি তাৎক্ষণিকভাবে পুলিশকে জানান। খবর পেয়ে বামুন্দী ক্যাম্পের পুলিশ সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে বোমা সদৃশ্য বস্তুটি উদ্ধার করে।

আব্দুর রশিদ অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে একটি সন্ত্রাসী চক্র তার কাছে চাঁদা দাবি করে আসছিল। চাঁদা না দেওয়ায় তাকে ভয় দেখাতে এবং আতঙ্ক সৃষ্টির জন্যই এমন বস্তু রেখে যাওয়া হয়েছে বলে তিনি ধারণা করছেন।

এ বিষয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, “ঘটনাটি আমরা গুরুত্ব সহকারে দেখছি। ঘটনাস্থল থেকে বোমা সদৃশ্য বস্তু ও একটি হুমকিমূলক চিরকুট উদ্ধার করা হয়েছে। বিষয়টি খতিয়ে দেখতে তদন্ত শুরু হয়েছে।”

মুজিবনগরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন

“কৃষিই সমৃদ্ধি” এই স্লোগানকে সামনে রেখে র্যালী,আলোচনা সভার মধ্যদিয়ে মুজিবনগরে উদ্বোধন করা হয়েছে যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় তিন দিনব্যাপি কৃষি প্রযুক্তি মেলার।

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে রবিবার সকাল ১১ টার সময় উপজেলা কৃষি অফিস চত্তরে আয়োজিত মেলার উদ্বোধন করা হয়।

মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন এর নেতৃত্বে কৃষি প্রযুক্তি মেলা উদ্বোধন উপলক্ষে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেলা চত্বরে এসে শেষ হয়। ফিতা কেটে উদ্বোধন করা হয় তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার।

মেলা উদ্বোধন শেষে মেলা চত্বরে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন এর সভাপতিত্বে,আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা মৎস্য কর্মকর্তা তারিখ আজিজ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক

মেলায় মোট ১৬টি স্টল অংশ নিয়েছে। এতে কৃষি প্রযুক্তি, আধুনিক কৃষি যন্ত্রপাতি, জৈব সার, উন্নত জাতের বীজ, চারা সহ নানা উদ্ভাবন ও কৃষি-সম্পর্কিত সামগ্রী প্রদর্শন করা হচ্ছে। আগামী, ৩ জুন পর্যন্ত চলবে এ মেলা। প্রতিদিন কৃষি বিষয়ক সেমিনার, চাষাবাদ বিষয়ক সচেতনতামূলক আলোচনা সভা ও কৃষকদের উদ্ভাবনী চর্চা শেয়ারিং সেশন অনুষ্ঠিত হবে।

মেলায় অংশগ্রহণকারী কৃষক ও উদ্যোক্তাদের মধ্যে পরিবেশবান্ধব ও বিজ্ঞানভিত্তিক কৃষিকাজের প্রতি আগ্রহ লক্ষ্য করা গেছে। তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলায় কৃষি সচেতনতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান,লিফলেট বিতরণ,কৃষি সচেতনতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান ও তৈলাক্ত কলাগাছে উড্ডয়ন প্রতিযোগিতা,পুরষ্কার বিতরণ এবং ৩ তারিখ সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে মেজভাইয়ের আঘাতে ছোটভাইয়ের মৃত্যুর অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি দক্ষিণপাড়ায় মেজভাইয়ের বিরুদ্ধে ছোটভাইকে হত্যার অভিযোগ উঠেছে।

আজ রবিবার সকাল সাড়ে ৭টার দিকে রাজশাহী মেডিক্যাল কলেজে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ছোট ভাই বাপ্পির মৃত্যু হয়েছে। এর আগে শনিবার বিকালে মেজ ভাই কালু ধান তোলা লোহার হাতা দিয়ে ছোট ভাই বাপ্পিকে আঘাত করলে সে মাথায় আঘাতপ্রাপ্ত হয়।

এদিকে, বাপ্পির মৃত্যুর খবর এলাকায় পৌছালে তার মেজভাই কালু আত্মগোপনে চলে যায়।

স্থানীয়রা জানান, আমঝুপি দক্ষিণপাড়ার হিসাব আলীর ছোট ছেলে বাপ্পি পারিবারিক কলহের জের ধরে তার মাকে একটি থাপ্পড় দেয়। এ খবর পেয়ে মেজছেলে কালু শনিবার বিকালে বাপ্পির সাথে বাগবিতণ্ডায় লিপ্ত হয় এবং এক পর্যায়ে ধান তোলা লোহার হাতা দিয়ে বাপ্পিকে আঘাত করে। এতে বাপ্পির মাথায় আঘাত প্রাপ্ত হয় । তাকে উদ্ধার করে স্থানীয় একটি ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। চিকিৎসক তাকে বিশ্রামে থাকার পরামর্শ দেন। বাড়ি ফিরে সে আবার তার ভাইয়ের সাথে বাগবিতণ্ডায় লিপ্ত হলে সে ব্রেইন স্ট্রোক করে। তাকে উদ্ধার করে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়। পরদিন রবিবার সকাল সাড়ে ৭টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এদিকে, তার মৃত্যুর খবর পেয়ে বাপ্পির শ্বশুর রবিউল ইসলাম বাদী হয়ে থানায় একটি অভিযোগ দায়ের করে। অভিযোগের প্রেক্ষিতে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে লাশের ময়নাতদন্ত শেষ করে পরিবারের কাছে হস্তান্তর করলে তারা মেহেরপুরের উদ্দ্যেশে রাজশাহী ত্যাগ করেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত বিকাল সোয়া ৫টার সময় লাশ আমঝুপি পৌছায়নি বলে জানা গেছে।

তবে, মেহেরপুর সদর থানার ওসির সরকারি মোবাইল নম্বরে ফোন করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

মেহেরপুরে মাঠে কাজ করতে গিয়ে মোটরসাইকেল চুরি

মেহেরপুর সদর উপজেলার শহরতলির কুলবেড়ি রোড এলাকা থেকে এক ব্যক্তির লাল-কালো রং এর পালসার ১৫০ সিসি মোটরসাইকেল চুরির ঘটনা ঘটেছে।

এবিষয়ে ভুক্তভোগী মোঃ বাবুর আলী (৫৫) মেহেরপুর থানায় একটি লিখিত অভিযোগ দাখিল করেছেন।

গতকাল শনিবার বিকেল আনুমানিক ৪ টার দিকে ওই গ্রামের মাঠ থেকে এ মোটরসাইকেলটি চুরি করে নিয়ে যায় চোরেরা।

বাবুর আলী জানান, তিনি আশেপাশে বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করেও তার মোটরসাইকেলের কোনো খোঁজ পাননি। ধারণা করা হচ্ছে, বিকাল ৪:৩০ থেকে ৫:০০ ঘটিকার মধ্যে কোনো অজ্ঞাত ব্যক্তি বা ব্যক্তিরা তার মেহেরপুর-হ-১২-১০০০ মোটরসাইকেলটি চুরি করে নিয়ে গেছে।

এ ঘটনায় থানায় একটি লিখিত অভিযোগ দাখিল করা হয়েছে এবং পুলিশ বিষয়টি খতিয়ে দেখছে বলে জানা গেছে।

মেহেরপুরের আমঝুপিতে প্রান্তিক জনগোষ্ঠীর অ্যাডভোকেসি সভা

“দলিত সম্প্রদায়সহ প্রান্তিক জনগোষ্ঠীর জন্য মানবাধিকার সুরক্ষা সম্প্রসারণ” প্রকল্পের আওতায় “দলিত সম্প্রদায়সহ প্রান্তিক জনগোষ্ঠীর প্রয়োজনীয়তা অনুধাবন” শীর্ষক কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরের আমঝুপিতে স্থানীয় সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সঙ্গে এক অ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়।

তাইওয়ান ফাউন্ডেশন ফর ডেমোক্রেসির আর্থিক সহায়তায় এবং মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর যৌথ উদ্যোগে আয়োজিত এই সভার সভাপতিত্ব করেন মউকের নির্বাহী কর্মকর্তা। এতে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার সুধীসমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং বারাদি দাসপাড়া, আমঝুপি হালদারপাড়া, চাঁদবিল হালদারপাড়া, আমঝুপি, কোলা ও খোকসা গ্রামের ৩০ জনের বেশি সুবিধাভোগী নারী।

সভায় কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য উপস্থাপন করে মউকের নির্বাহী বলেন, মেহেরপুরের দলিত ও প্রান্তিক জনগোষ্ঠী এখনো নানাভাবে পিছিয়ে রয়েছে। সচেতনতার অভাব ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান থেকে সরকারি পরিষেবা গ্রহণে প্রয়োজনীয় জ্ঞান ও তথ্যের ঘাটতির কারণে তারা ন্যায্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

সভায় উপস্থিত সুবিধাভোগীরা তাদের বিভিন্ন সমস্যা তুলে ধরেন এবং মউকের কাছে পরামর্শ ও সহায়তা প্রত্যাশা করেন। উত্তরে মউকের নির্বাহী ও অন্যান্য বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ স্থানীয় সরকার দপ্তর থেকে কীভাবে সরকারি সেবা গ্রহণ করা যায়, সে বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন এবং সংযোগকারী প্রতিষ্ঠান হিসেবে মউকের ভূমিকা তুলে ধরেন।

সভায় আমন্ত্রিত অতিথিরাও আলোচ্য বিষয়ের প্রাসঙ্গিকতায় গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। আনন্দঘন ও ফলপ্রসূ পরিবেশে সভাটি সফলভাবে সম্পন্ন হয়।

ওয়াজেদ আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রিচার্ড রিমন মন্ডল, সুমাইয়া খাতুন, জাহিদুল ইসলামসহ মউকের অন্যান্য কর্মকর্তা।